## প্রেস বিজ্ঞপ্তি
## জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
## বিভিন্ন অপরাধে ৫৭টি প্রতিষ্ঠানকে ৪.২৪ লক্ষ টাকা জরিমানা

**৩ নভেম্বর ২০১৬**

**বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের** ঢাকা বিভাগীয় কার্যালয় ও বিভিন্ন জেলা কার্যালয়ের ২০ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, চট্টগ্রাম, কিশোরগঞ্জ, রংপুর, পঞ্চগড়, ময়মনসিংহ, রাজশাহী, মৌলভীবাজার, নওগাঁ, কুষ্টিয়া, যশোর, সিলেট, মাগুরা, গোপালগঞ্জ, কুড়িগ্রাম, পাবনা ও চাঁদপুরে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের উপ-পরিচালক মোঃ আবদুল মজিদের নেতৃত্বে ঢাকা মহানগরীর কাফরুল এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে মুসলিম সুইটস এন্ড বেকারীকে **১,০০,০০০/- (এক লক্ষ)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আব্দুল জব্বার মন্ডলের নেতৃত্বে ঢাকা মহানগরীর মিরপুর এলাকায় ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয় ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে Bayleaf Restaurant কে **২৭,০০০/- (সাতাশ হাজার)** টাকা, অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে ফোর স্টার হোটেল এন্ড রেস্টুরেন্টকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকা এবং ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে JINLIA Restaurant কে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকাসহ মোট **৫২,০০০/- (বাহান্ন হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

চট্টগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ হাসানুজ্জামানের নেতৃত্বে চট্টগ্রাম মহানগরের আকবরশাহ এলাকায় **৩টি** প্রতিষ্ঠানকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকা, কিশোরগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ইব্রাহীম হোসেনের নেতৃত্বে কিশোরগঞ্জের হোসেনপুর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৯,৫০০/- (নয় হাজার পাঁচশত)** টাকা, রংপুর বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মমতাজ বেগমের নেতৃত্বে রংপুর সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, পঞ্চগড় জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ হাসান আল মারুফের নেতৃত্বে পঞ্চগড় সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **২১,০০০/- (একুশ হাজার)** টাকা, ময়মনসিংহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবানন্দ সিনহার নেতৃত্বে ময়মনসিংহ সদর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১১,০০০/- (এগার হাজার)** টাকা, রাজশাহী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক অপূর্ব অধিকারীর নেতৃত্বে রাজশাহীর পবা উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১১,০০০/- (এগার হাজার)** টাকা, মৌলভীবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে মৌলভীবাজারের রাজনগর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকা, নওগাঁ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আব্দুল্লাহ আল মাসুমের নেতৃত্বে নওগাঁ সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১৭,০০০/- (সতের হাজার)** টাকা, কুষ্টিয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সেলিমুজ্জামানের নেতৃত্বে কুষ্টিয়ার মিরপুর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, যশোর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সোহেল শেখের নেতৃত্বে যশোর সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১৪,০০০/- (চৌদ্দ হাজার)** টাকা, সিলেট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ জাহাঙ্গীর আলমের নেতৃত্বে সিলেটের দক্ষিণ সুরমা এলাকায় **৩টি** প্রতিষ্ঠানকে **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকা, মাগুরা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডলের নেতৃত্বে মাগুরার শ্রীপুর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৯,০০০/- (নয় হাজার)** টাকা, গোপালগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শামিম হাসানের নেতৃত্বে গোপালগঞ্জের কাশিয়ানী উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা, রংপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আফসানা পারভীনের নেতৃত্বে রংপুরের মিঠাপুকুর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা, কুড়িগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শেখ সাদীর নেতৃত্বে কুড়িগ্রামের ফুলবাড়ী উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৪,০০০/- (চার হাজার)** টাকা, সিলেট বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ ফয়েজ উল্লাহ এর নেতৃত্বে সিলেটের দক্ষিণ সুরমা এলাকায় **৪টি** প্রতিষ্ঠানকে **২২,০০০/- (বাইশ হাজার)** টাকা, পাবনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক এ এস এম মাসুম-উদ দৌলার নেতৃত্বে পাবনার ঈশ্বরদী উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **৭,০০০/- (সাত হাজার)** টাকা এবং চাঁদপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবাশীষ রায়ের নেতৃত্বে চাঁদপুর সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকাসহ মোট **২,৪৭,৫০০/- (দুই লক্ষ সাতচল্লিশ হাজার পাঁচশত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপি, সেবার মূল্যের তালিকা সংরক্ষণ ও প্রদর্শন না করা, পণ্যের নকল প্রস্তুত বা উৎপাদন, পণ্যের মূল্য তালিকা প্রদর্শন না করা, সেবা গ্রহীতার জীবন বা নিরাপত্তা বিপন্নকারী কার্যের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মাসুম আরেফিন কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে স্বপ্নকে **১০,০০০/- (দশ হাজার)** জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **২,৫০০/- (দুই হাজার পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তার কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে CHISWICK, ধানমন্ডিকে **৫,০০০/- (পাঁচ হাজার)** জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

বগুড়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শরীফুল ইসলাম কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে ফুড ভিলেজকে **১০,০০০/- (দশ হাজার)** জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **২,৫০০/- (দুই হাজার পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

আজকের **২০টি** বাজার তদারকি ও **৩টি** অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **৫৭টি** প্রতিষ্ঠানকে মোট **৪,২৪,৫০০/- (চার লক্ষ চব্বিশ হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে ৩ জন অভিযোগকারীকে মং **৬,২৫০/- (ছয় হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, সিভিল সার্জন, মৎস্য কর্মকর্তা, পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি, বাজার কর্মকর্তা, স্যানেটারী ইন্সপেক্টর, শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক (কার্যক্রম)

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট ও রংপুর মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, চট্টগ্রাম, কিশোরগঞ্জ, রংপুর, পঞ্চগড়, ময়মনসিংহ, রাজশাহী, মৌলভীবাজার, নওগাঁ, কুষ্টিয়া, যশোর, সিলেট, মাগুরা, গোপালগঞ্জ, কুড়িগ্রাম, পাবনা ও চাঁদপুর।
৭। পুলিশ সুপার, ঢাকা, চট্টগ্রাম, কিশোরগঞ্জ, রংপুর, পঞ্চগড়, ময়মনসিংহ, রাজশাহী, মৌলভীবাজার, নওগাঁ, কুষ্টিয়া, যশোর, সিলেট, মাগুরা, গোপালগঞ্জ, কুড়িগ্রাম, পাবনা ও চাঁদপুর।
৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।